দৈনিক জনকণ্ঠ
তারিখ
পৃষ্ঠা ৮ কলাম ৭
SEP 2002

# ছাত্রদলের ত্রাস ॥ কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ অচল ॥ শিক্ষকদের ক্লাস বর্জন শুরু

কুমিল্লা, ১৫ সেপ্টেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ ছাত্রদলের ত্রাসে এবার দেশের শতাব্দীপ্রাচীন ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ অচল হয়ে পড়েছে। কলেজের নবাগত অধ্যক্ষের যোগদানকে কেন্দ্র করে অফিস, শিক্ষক পরিষদে তালা লাগিয়ে দেয়া, শিক্ষক পরিষদের সভা ও একাডেমিক সভা ভণ্ডুল করা এবং শিক্ষকদের সঙ্গে দুর্ব্যবহারের প্রতিবাদে রবিবার থেকে কলেজের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছেন। অবিলম্বে তাঁদের তিন দফা দাবি না মানলে আরও কঠোর কর্মসূচী দেয়া হতে পারে।

ভিক্টোরিয়া কলেজ সূত্র জানায়, গত ৫ সেপ্টে
ব্রাহ্মণবাড়িয়া থেকে বরেণ্য শিক্ষা ব্যক্তিত্ব প্রফেসর মে
আশ্রাফ-উল-ইসলামকে বদলি করা হয়। কোন রক
তদ্বির ব্যতিরেকে এই পোস্টিং পান আশ্রাফ-উ
ইসলাম। ৬ সেপ্টেম্বর ভিক্টোরিয়া কলেজে যোগদ
করতে এলে কলেজের ভিপি ওয়াসিম, ছাত্রদল নে
দোলন ও আবুর নেতৃত্বে একদল ছাত্রদল কর্মী নবাগ
অধ্যক্ষকে বের করে দিয়ে তালা লাগিয়ে দেয়। ছাত্রদ

(৭ পৃষ্ঠা ১-এর কঃ দেখু

## ছাত্রদলের ত্রাস ॥ কুমিল্লা

(৮-এর পাতার পর)

কর্মীদের অভিযোগ, 'নবাগত অধ্যক্ষ' জনতার
লোক। অন্যদিকে কলেজ সূত্র জানায়, 'কলে
একজন শিক্ষকের মোহ রয়েছে অধ্যক্ষ পদটির প্রতি
জন্যই এ ঘটনা ঘটানো হয়েছে। যেহেতু ব
সরকার জনতার মঞ্চের লোকদের শায়েস্তা
সেহেতু জনতার মঞ্চের অভিযোগ তুললে তাঁকে
সরানো যাবে বলে এসব অভিযোগ করা হচ্ছে।'
অধ্যক্ষকে বের করে দেয়ার ঘটনায় ঐ দিনই কলে
একাডেমিক কর্তৃপক্ষ বিকাল ৪টায় সভা ডাকে।
ছাত্রদল ক্যাডাররা সে সভা পণ্ড করে মিলনায়তনে
লাগিয়ে দেয়। অধ্যক্ষের কক্ষে তালা লাগানোর
পত্রপত্রিকায় ছাপা হলে শিক্ষা মন্ত্রণালয় অধ্যক্ষ প্রে
মোঃ আশ্রাফ-উল ইসলামকে ডেকে পাঠানো
বিস্তারিত জানার পর তাঁকে দায়িত্ব পালন করে
নির্দেশ দেয়া হয় বলে জানা গেছে। শনিবার ক
শিক্ষক পরিষদ কলেজের উচ্চ মাধ্যমিক শাখায় এ
আহ্বান করে। সভা শুরুর পূর্বে ছাত্রদলের একদল
ও ক্যাডার শিক্ষক মিলনায়তনে তালা লাগিয়ে দেয়
উপস্থিত শিক্ষকদের অশ্লীল ভাষায় গালিগালাজ
এবং তাঁদের দালাল আখ্যায়িত করে। বিক্ষুব্ধ শিক্ষ
পরে কলেজের মাঠে বসেই তাঁদের নির্ধারিত সভা ক
এবং ৩ দফা দাবিতে তাঁরা আন্দোলনে নামেন। এই
দফা দাবির মধ্যে রয়েছে অনির্দিষ্টকালের জন্য
বর্জন, অপরাধীদের বিচার ও ঘটনার নিন্দা জানানো
রবিবার থেকে শিক্ষকদের ক্লাস বর্জন শুরু